অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/2/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল কোভিড-সংক্রান্ত আবাস এবং বাণিজ্যিক উচ্ছেদ সম্পর্কে নতুন স্থগিতাদেশ স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন যা জানুয়ারি 15, 2022 পর্যন্ত বলবত থাকবে

নিউ ইয়র্কবাসীদের স্টেটের আপৎকালীন ভাড়া সহায়তা কর্মসূচির জন্য আবেদন করার সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন - ERAP এর মাধ্যমে 1.2 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থসাহায্য বরাদ্দ বা প্রদান করা হয়েছে

নতুন আইন ভাড়া সহায়তা কর্মসূচি সম্প্রসারিত করে এবং সেইসাথে সেই সমস্ত অঞ্চলের উচ্ছেদ মুলতুবি রাকে যেগুলি আগে এর আওতার বাইরে রাখা হয়েছিল

বাড়িওয়ালা এবং বাড়ির মালিকদের জন্য ফোরক্লোজার সুরক্ষাগুলি কার্যকর করে

কোভিড-19 এর কারণে যারা অসুবিধার সম্মুখীন হয়েছেন তাদের জন্য নিউ ইয়র্ক দেশের মধ্যে সবথেকে শক্তিশালী উচ্ছেদ সুরক্ষাগুলিকে বলবত করার জন্য গর্বিত

আজ সকালে, গভর্নর হোচুল কোভিড-সংক্রান্ত আবাস এবং বাণিজ্যিক উচ্ছেদ সম্পর্কে নতুন স্থগিতাদেশ স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন যা জানুয়ারি 15, 2022 পর্যন্ত বলবত থাকবে। এই নতুন আইন অনুযায়ী, আবাসিক ভাড়াটে যারা অতিমারীর জন্য আর্থিক দিক থেকে কঠিন পরিস্থিতির সম্মুখীন হয়েছেন তাদের জন্য টেন্যান্ট সেফ হার্বর অ্যাক্ট (Tenant Safe Harbor Act) এর সমস্ত সুরক্ষা বলবত থাকবে, সেইসাথে বাণিজ্যিক উচ্ছেদগুলির ওপর নতুন সুরক্ষা যোগ হবে।

"এই অতিমারি সেই পরিবার ও ব্যবসার মালিকদের মধ্যে অবিশ্বাস্য উদ্বেগ সৃষ্টি করেছে যারা উপার্জন হারিয়েছেন আর প্রতিমাসে ভাড়ার অর্থ জোগাড় করতে লড়াই করছেন," **গভর্নর হোচুল বলেন।** "প্রতিকারমূলক সাহায্য করতে সুপ্রিম কোর্টের নির্মম সিদ্ধান্তকে খারিজ করে নিউ ইয়র্ক এবং বাইডেনের প্রশাসনের উচ্ছেদের উপর স্থগিতাদেশের কথা মাথায় রেখে, আমরা আবাসিক ও বাণিজ্যিক উচ্ছেদের উপর একটি নতুন স্থগিতাদেশ কার্যকর করছি এবং জানুয়ারি 15-এর টেন্যান্ট সেফ হার্বর অ্যাক্টের অধীনে নিউ ইয়র্কের সুরক্ষা সম্প্রসারিত করছি। এই পদক্ষেপগুলো সেইসমস্ত দুর্বল নিউ ইয়র্কবাসীদের সম্মুখীন হওয়া সংকটকে কিছুটা লাঘব করবে যারা তাদের কোনও দোষ ছাড়াই কষ্টভোগ করছেন।"

নিউ ইয়র্কবাসীরা নিজেদের অর্থপ্রদানে কঠিন পরিস্থিতির সম্মুখীন হচ্ছেন তাদের স্টেটের আপৎকালীন ভাড়া সহায়তার কর্মসূচি বা ERAP এর মাধ্যমে সহায়তার পাওয়ার আবেদন করতে গভর্নর হোচুল অনুরোধ করেন। এই কর্মসূচির আবেদনকারীদের আবেদন মুলতুবি থাকাকালীন তারা স্বয়ংক্রিয়ভাবে উচ্ছেদ থেকে সুরক্ষিত এবং তারা সহায়তার যোগ্য হলে এক বছরের উচ্ছেদের সুরক্ষা পাবেন। আবেদনপত্রটি এখানে উপলভ্য।

31শে আগস্ট পর্যন্ত, 23,000 এর বেশি জমির মালিকদের সরাসরি পেমেন্টে 300 মিলিয়ন ডলার সমেত 1.2 বিলিয়ন ডলারের বেশি ফান্ডিং ERAP এর মাধ্যমে দানের প্রতিশ্রুতি দেওয়া হয় অথবা বণ্টন করা হয়।

সেনেটার ব্রায়ান কেভেনাগ বলেন, "অতিমারির একদম প্রথম থেকেই, আমরা এটা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ ছিলাম যাতে সমস্ত নিউ ইয়র্কবাসীকে -- ভাড়াটে ও বাড়ির মালিক সমেত -- কোভিড-19 (COVID-19) এ সম্মুখীন হওয়া কঠিন পরিস্থিতির কারণে নিজেদের বাড়ি হারানোর থেকে সুরক্ষিত করা যায়। এমনকী উদার হস্তে অর্থায়নের ব্যবস্থা, কার্যকর ত্রাণের কর্মসূচির ব্যবস্থা করার মাধ্যমে ভাড়াটে ও জমির মালিকদের উপর আর্থিক বোঝা তুলে নেওয়া হয়েছে কিনা নিশ্চিত করার এবং ছোট ব্যবসাগুলোকে সুরক্ষিত করার জন্যও আমরা যথেষ্ট পরিশ্রম করি। স্টেট জুড়ে কোভিড-19 নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতায় একটি হুমকি হয়ে ক্রমাগত চলছে বলে, আজও, সমস্ত নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে আমরা আমাদের বৈধ কৌশলের স্তম্ভগুলো সম্প্রসারিত ও শক্তিশালী করতে সিদ্ধান্ত, সংঘবদ্ধ পদক্ষেপ নিচ্ছি। আমি এই জটিল আইন প্রণয়নে গভর্নর ক্যাথি হোচুল, সংখ্যাগরিষ্ঠ দলের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন, অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি ও অ্যাসেম্বলি বিল স্পনসর জেফরি ডাইনোভিটজকে তাদের অংশীদারীত্বের জন্য ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিম্যান জেফরি ডাইনোভিটজ বলেন, "এএই আইনটি যতটা স্বাস্থ্য নীতি ততটাই আর্থিক নীতি আর ডেল্টা ভ্যারিয়েন্টের ঢেউয়ের মধ্যে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে আমাদের সামর্থে যতখানি সম্ভব তার সবটাই আমাদের করতে হবে। স্টেট ERAP কর্মসূচির উন্নত এবং স্ট্রিমলাইন করার জন্য পরিশ্রম করছে এবং আমরা সবাই একসাথে এই প্রাণান্তকর অতিমারি থেকে সেরে ওঠার লক্ষ্যে কাজ করছি বলে এই আইন হাজার হাজার পরিবারকে নিজেদের মাথার উপর ছাদ রাখতে আর ছোট ব্যবসাগুলোর দরজা খুলতে সাহায্য করবে। আমি স্পিকার কার্ল হিস্টিকে ভাড়াটেদের প্রতি তাঁর অবিচল সমর্থনের জন্য এবং গভর্নর হোচুলকে এই গুরুতর বিষয়টি শুরু করার জন্য আর তার পাশাপাশি সংখ্যাগরিষ্ঠ দলের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন ও স্টেট সেনেট স্পনসর ব্রায়ান কেভেনাঘকে তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই।"

কোনও ব্যক্তি যদি এমন কোনও এলাকায় বসবাস করেন যে এলাকাটি নিজের ভাড়া সহায়তার কর্মসূচি পরিচালনার জন্য স্টেটের কর্মসূচি অপ্ট আউট করেছে সেই এলাকার যেকোনও ব্যক্তি স্থানীয় ফান্ড ফুরিয়ে গেলে এই আইনে স্টেটের কর্মসূচিতে আবেদন করার জন্য অনুমোদিত। নিজেদের স্থানীয় কর্মসূচিগুলোয় সরাসরি আবেদনকারী ব্যক্তিরাও এখন স্বয়ংক্রিয়ভাবে স্টেটের আরও বিস্তারিত উচ্ছেদ সুরক্ষা থেকে সুবিধা পাবেন।

আইনটি উচ্ছেদ মামলার মুখোমুখি হওয়া ভাড়াটেদের আইনি পরিষেবা দিতে এবং এই ধরনের পরিষেবার জন্য বিনামূল্যে আইনি সহায়তার অ্যাক্সেস উপলভ্য নয় স্টেটের এমন সমস্ত এলাকাগুলোয় তাদের আবাসনের স্থিতিশীলতা বজায় রাখতে সাহায্যের জন্য 25 মিলিয়ন ডলারের ফান্ডও তৈরি করেছে।

আইনটি অতিরিক্ত পরিবারগুলোকে পরিষেবা দিতে এবং আরও ভালোভাবে জমির মালিকদের সমর্থন করতে একটি নতুন 250 মিলিয়ন ডলারের সম্পূরক আপৎকালীন ভাড়া সহায়তার কর্মসূচি তৈরি করেছে। এই কর্মসূচির মাধ্যমে, 125 মিলিয়ন ডলার সেই পরিবারগুলোকে সহায়তা দিতে উপলভ্য করা হবে যাদের উপার্জন এলাকা মধ্যস্থ আয় (Area Median Income, AMI) এর 80% ছাড়িয়েছে এবং AMI এর সর্বাধিক 120%। উপরন্তু, সেই সমস্ত জমির মালিকদের সহায়তার জন্য 125 মিলিয়ন ডলারের ব্যবস্থা করা হবে যাদের ভাড়াটেরা অংশগ্রহণ করতে প্রত্যাখ্যান করেছেন অথবা এরিয়ার সহ বাড়ি খালি করেছেন।

নিউ ইয়র্কের সক্রিয় স্থগিতাদেশের অধীনে, উচ্ছেদ প্রক্রিয়ার অগ্রগতি এড়াতে ভাড়াটেদের অবশ্যই কঠিন পরিস্থিতির ঘোষণাপত্র অথবা কঠিন পরিস্থিতির উৎস বর্ণনা করে একটি নথি জমা দিতে হবে। যে জমির মালিকদের ভাড়াটেরা আর্থিকভাবে কোনও কঠিন পরিস্থিতিতে ভুগছেন না বলে তারা বিশ্বাস করেন এখন আদালতের কাছে একটি শুনানির অনুরোধ করতে পারেন।

এছাড়াও জমির মালিকরা সেই ভাড়াটেদের উচ্ছেদ করতে পারে যারা অন্য ভাড়াটেদের নিরাপত্তা ও স্বাস্থ্যে বিপদ ডেকে আনছে, ইচ্ছাকৃত সম্পত্তি নষ্ট করছে এবং যেখানে একজন ভাড়াটে কোনও কঠিন পরিস্থিতির ঘোষণাপত্র জমা দেননি।

আইনটি আবাসিক ফোরক্লোজার মামলার উপর একটি স্থগিতাদেশ দেয় যাতে বাড়ির মালিকরা এবং 10 কিংবা কয়েকটি আবাসিক বাসস্থানের মালিকাধীন ছোট জমির মালিকরা তাদের বন্ধকদাতা, অন্য ফোরক্লোজিং অংশীদারের কাছে বা ফোরক্লোজার বন্ধের জন্য আদালতের কাছে কঠিন পরিস্থিতির ঘোষণাপত্র দাখিল করতে পারেন।

বাণিজ্যিক উচ্ছেদ ও বাণিজ্যিক ফোরক্লোজার মামলার উপর আইনটির স্থগিতাদেশ 100 বা তার কম কর্মী থাকা ছোট ব্যবসাগুলোর ক্ষেত্রে প্রযোজ্য হয় যারা আর্থিকভাবে কঠিন পরিস্থিতি দেখিয়েছেন। ভাড়াটেদের উচ্ছেদ আটকাতে অবশ্যই কঠিন পরিস্থিতির ঘোষণাপত্র অথবা কঠিন পরিস্থিতির উৎস বর্ণনা করে একটি নথি জমা দিতে হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন